

## ■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৭০৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৬৮]

৩। হয়ে খুতুস্বাব (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ২৮. তায়াম্মুম-এর বিবরণ।

بَاب التَّيْمُ

আরবী

حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ هَاشِمٍ الْعَبْدِيُّ، حَدَّثَنَا يَحْيَى، - يَعْنِي أَبْنَ سَعِيدِ الْقَطَانَ - عَنْ شُعْبَةَ، قَالَ حَدَّثَنِي الْحَكَمُ، عَنْ ذَرِّ، عَنْ سَعِيدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى، عَنْ أَبِيهِ، أَنَّ رَجُلًا، أَتَى عُمَرَ فَقَالَ إِنِّي أَجْنَبْتُ فَلَمْ أَجِدْ مَاءً . فَقَالَ لَا تُصَلِّ . فَقَالَ عَمَّارُ أَمَا تَذَكَّرُ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ إِذْ أَنَا وَأَنْتَ فِي سَرِيَّةٍ فَأَجْنَبْنَا فَلَمْ نَجِدْ مَاءً فَأَمَّا أَنْتَ فَلَمْ تُصَلِّ وَأَمَّا أَنَا فَأَتَمَعَّكْتُ فِي التُّرَابِ وَصَلَّيْتُ . فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "إِنَّمَا كَانَ يَكْفِيَكَ أَنْ تَضْرِبَ بِيَدِيكَ الْأَرْضَ ثُمَّ تَنْفَخْ ثُمَّ تَمْسَحَ بِهِمَا وَجْهَكَ وَكَفِيْكَ" . فَقَالَ عُمَرُ أَتَقِ اللَّهَ يَا عَمَّارُ . قَالَ إِنْ شِئْتَ لَمْ أُحَدِّثْ بِهِ . قَالَ الْحَكَمُ وَحَدَّثَنِي أَبْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى عَنْ أَبِيهِ مِثْلَ حَدِيثِ ذَرِّ قَالَ وَحَدَّثَنِي سَلَمَةُ عَنْ ذَرِّ فِي هَذَا الإِسْنَادِ الَّذِي ذَكَرَ الْحَكَمُ فَقَالَ عُمَرُ نُوَلِّيْكَ مَا تَوَلَّتِ .

বাংলা

৭০৬-(১১২/...) আবদুল্লাহ ইবনু হাশিম আল আবদী (রহঃ) ..... আবদুর রহমান ইবনু আবয়া (রায়িঃ) হতে বর্ণিত। এক লোক উমার (রায়িঃ) এর কাছে এসে বলল, আমি অপবিত্র হয়েছি কিন্তু পানি পাইনি (তখন কি করব?)। তিনি বললেন, তুমি সালাত আদায় করো না। তখন আম্মার (রায়িঃ) বললেন, আমীরুল মুমিনীন! আপনার কি স্মরণ নেই যে, আমি ও আপনি কোন এক অভিযানে অংশগ্রহণ করেছিলাম। অতঃপর আমরা উভয়েই অপবিত্র হয়ে পড়লাম। আর কোথাও পানি পেলাম না তখন আপনি সালাত আদায় করলেন না কিন্তু আমি মাটিতে গড়াগড়ি দিলাম এবং সালাত আদায় করলাম। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে এ ঘটনা জানালে তিনি বললেন, তোমার জন্যে এটাই যথেষ্ট ছিল যে, তুমি দু'হাত জমিনে মারতে তারপর ফুঁক দিয়ে আলগা ধুলা ফেলে দিতে তারপর উভয় হাতের কঙ্গি দ্বারা মাসাহ করতে তোমার দু'হাতে ও চেহারা"। উমার (রায়িঃ) বললেন, "আম্মার! আল্লাহকে ভয় কর"। তিনি [আম্মার (রায়িঃ)] বললেন, "আপনি চাইলে আমি এটা আর বর্ণনা করব না"।

হাকাম বলেন, আবদুর রহমান ইবনু আবয়ার পুত্র তার পিতা আবদুর রহমান থেকে আমার কাছে যার এর হাদীসের অনুরূপ বর্ণনা করেছেন। তিনি বলেন, অতঃপর উমর (রায়িৎ) বললেন, তোমার বর্ণনার দায়-দায়িত্ব তোমার উপর। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৭০৫, ইসলামিক সেন্টারঃ ৭২০)

## English

Chapter: Tayammum

Abd al-Rabmin b. Abza narrated It on the authority of his father that a man came to 'Umar and said:

I am (at times) affected by seminal emission but find no water. He ('Umar) told him not to say prayer. 'Ammar then said. Do you remember, Commander of the Faithful, when I and you were in a military detachment and we had had a seminal emission and did not find water (for taking bath) and you did not say prayer, but as for myself I rolled in dust and said prayer, and (when it was mentioned before) the Apostle (ﷺ) said: It was enough for you to strike the ground with your hands and then blow (the dust) and then wipe your face and palms. Umar said: 'Ammar, fear Allah. He said: If you so like, I would not narrate it. A hadith like this has been transmitted with the same chain of transmitters but for the words: 'Umar said: We hold you responsible for what you claim."

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁথিরীকৃত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবয়া (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=47459>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন